ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

******

স-২৮৪৩

আগরতলা, ১৩ সেপ্টেম্বর, ২০২৫

**শিক্ষার সুযোগ কাজে লাগিয়ে তরুণ প্রজন্মকে বিশ্বের দরবারে পৌঁছে যেতে হবে ঃ রাজ্যপাল**




ডিগ্রি কোন বিষয়ের সমাপ্তি নয়, বরং এটি ধারাবাহিক শিক্ষার একটি সুযোগ। এই সুযোগ কাজে লাগিয়ে তরুণ প্রজন্মকে বিশ্বের দরবারে পৌঁছে যেতে হবে। আজ বিকালে ইকফাই বিশ্ববিদ্যালয়ের ২০তম সমাবর্তন অনুষ্ঠানের উদ্বোধন করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু একথা বলেন। তিনি বলেন, শিক্ষাঙ্গণে নতুন যেসমস্ত দিক উন্মোচিত হয়েছে সেগুলি কাজে লাগিয়ে ছাত্রছাত্রীদের নিজেদের যেমন বিকশিত করতে হবে তেমনি দেশকেও গর্বকরার মতো এক জায়গায় নিয়ে যেতে হবে। তিনি বলেন, ছাত্রছাত্রীরা হচ্ছে দেশের ভবিষ্যত। তারাই দেশের হাল ধরবে। ছোট্ট রাজ্য ত্রিপুরাকে সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে তারা বিশেষ ভূমিকা নেবে বলে রাজ্যপাল আশা প্রকাশ করেন। রাজ্যপাল বলেন, ইকফাই বিশ্ববিদ্যালয় তরুণ ছাত্রছাত্রীদের দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে তুলতে একটি স্থপতির ভূমিকা পালন করছে। উত্তরপূর্ব ভারতের উৎকর্ষের অনন্য প্রতিষ্ঠান হিসেবে ইকফাই বিশ্ববিদ্যালয় আগামী দিনে আরও উচ্চতায় পৌঁছে যাবে বলে তিনি আশা প্রকাশ করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বন্ধন ব্যাঙ্কের প্রতিষ্ঠাতা ও এর চেয়ারম্যান চন্দ্রশেখর ঘোষ। এছাড়াও বক্তব্য রাখেন ইকফাই বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলার প্রফেসর ড. টি তিরোপতি রাও, এনইআরসি, ইন্ডিয়ান কাউন্সিল অফ সোশ্যাল সায়েন্স শিলং-র অধ্যাপক ড. ভাগিরথী পান্ডা প্রমুখ। বিশ্ববিদ্যালয়ের প্রতিবেদন ও সাফল্যের চিত্র তুলে ধরেন ইকফাই'র উপাচার্য অধ্যাপক ড. বিপ্লব হালদার।

সমাবর্তনে বন্ধন ব্যাঙ্কের চেয়ারম্যান চন্দ্রশেখর ঘোষকে সম্মানসূচক ডিগ্রি প্রদান করা হয়। রাজ্যপাল এই ডিগ্রি প্রদান করেন। এছাড়াও রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু এবং অন্যান্য অতিথিগণ পিএইচডি গবেষক, স্নাতকোত্তর এবং স্নাতক ছাত্রছাত্রীদের সার্টিফিকেট এবং পদক প্রদান করেন।

******